


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
যুব-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

নং-৩৪.৫১.০০০০.০০৮.০১.১১.২০১৬- ১০৮

তারিখ: ০২ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ  
১৬ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

আগামী ৩১/০৩/২০১৬ খ্রি: তারিখ হতে ০৪/০৪/২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত শ্রীলংকার ডাম্বুলা-তে অনুষ্ঠিতব্য “Youth Village (Yowun Pura) Programme” শীর্ষক কর্মসূচিতে অংশগ্রহণের জন্য যাওয়া-আসার বিমান ভাড়া বহন করতে ইচ্ছুক ১৭-২৯ বছর বয়সী আগ্রহী প্রার্থীদের মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা বরাবর নিজ অথবা সংগঠনের যুবকর্মের বিস্তারিত তথ্যাবলিসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনের সময়সীমা ২১ মার্চ ২০১৬ খ্রি:।

  
(হোসনা আফরোজা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৭৫৫০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
 যুব-০১ শাখা  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

নং-৩৪.৫১.০০০০.০০৮.০১.১১.২০১৬-১০৭

তারিখ: ০২ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ  
১৬ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়: যুব প্রতিনিধির নাম ও তথ্যাদি প্রেরণ।

সূত্র: নং- নং-এসএ/শ্রী/৩০০ (অংশ-২)/২০১৫/২৭৮, তারিখ: ১০/০৩/২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শ্রীলংকা সরকারের National Youth Service Centre (NYSC)-এর উদ্যোগে আগামী ৩১/০৩/২০১৬ খ্রি: তারিখ হতে ০৪/০৪/২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত শ্রীলংকার ডাম্বুলা-তে অনুষ্ঠিতব্য “Youth Village (Yowun Pura) Programme” শীর্ষক কর্মসূচিতে অংশগ্রহণের জন্য বাংলাদেশ হতে কিছুসংখ্যক যুব প্রতিনিধিকে আমন্ত্রণ জানানো হয়েছে। **কর্মসূচির থিম হচ্ছে “Education and Exploration.”**

০৩। উল্লেখ্য যে, National Youth Service Centre (NYSC) অংশগ্রহণকারী প্রতিনিধিদের আপ্যায়নের ব্যয় বহন করবে এবং বিমান ভাড়া যুব প্রতিনিধিকেই বহন করতে হবে।

০৪। অংশগ্রহণকারীদের যোগ্যতা:

- ক) বয়স ১৭-২৯ বছরের মধ্যে হতে হবে;  
 খ) অংশগ্রহণকারী প্রতিনিধিদের ৪০ % যুবমহিলা হতে হবে;  
 গ) অংশগ্রহণকারী প্রতিনিধিদের সংশ্লিষ্ট বিষয়ের বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণে দক্ষ হতে হবে।

০৫। এমতাবস্থায়, বর্ণিত কর্মসূচিতে অংশগ্রহণের নিমিত্ত সর্বসাধারণের অবগতির জন্য বিষয়টি বিজ্ঞপ্তি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশপূর্বক উল্লিখিত শর্তানুযায়ী যাচাই-বাছাই এবং ব্যক্তিগতভাবে সাক্ষাৎকার গ্রহণপূর্বক সংশ্লিষ্ট বিষয় ও ইংরেজিতে দক্ষ যাওয়া-আসার বিমান ভাড়া বহন করতে ইচ্ছুক ১৭-২৯ বছর বয়সী কিছু সংখ্যক যুবপ্রতিনিধির নাম ও বিস্তারিত তথ্যাদি আগামী ২২ মার্চ ২০১৬ খ্রি: তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ..... পাতা।

(হোসনা আফরোজা)  
 সিনিয়র সহকারী সচিব  
 ফোন: ৯৫৭৫৫০৯

মহাপরিচালক  
 যুব উন্নয়ন অধিদপ্তর  
 ১০৮ মতিঝিল বা/এ  
 ঢাকা-১০০০।

অনুলিপি:

- সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অফিস কপি।